বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯
প্রশাসন বিভাগ
www.caab.gov.bd

বিষয়: "হজ টাস্কফোর্স-২০২৪" এর ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব এস. এম. লাবলুর রহমান, সদস্য (প্রশাসন) (অতিঃ দায়িত্ব) ও আহবায়ক, "হজ টাস্কফোর্স-২০২৪"।
তারিখ : ৩০-০৪-২০২৪ খ্রিঃ রোজ মঙ্গলবার সকাল ১১.০০ ঘটিকা।
স্থান : বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, সদর দপ্তর, সম্মেলন কক্ষ (লেভেল-৬)।

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা (পরিশিষ্ট-ক)'তে সন্নিবেশিত।

সভাপতি "হজ টাস্কফোর্স-২০২৪" এর সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন "হজ টাস্কফোর্স-২০২৪" এর মাধ্যমে এ বছর সম্মানিত হজযাত্রীদের গমন ও প্রত্যাগমন নির্বিঘ্ন করার লক্ষ্যে সভার আয়োজন করা হয়েছে। হজ চুক্তি অনুসারে বাংলাদেশের কোটা ১ লক্ষ ২৭ হাজার ১৯৮ জন, তবে এ বছর এর মধ্যে সরকারি ব্যবস্থাপনায় ০৪ হাজার ৫৬২ জন এবং বেসরকারি ব্যবস্থাপনায় ৮০ হাজার ৬৯৫ জনসহ সর্বমোট ৮৫ হাজার ২৫৭ জন হজযাত্রী হজে গমন করবেন। এ সঙ্গে মোনাজ্জেম প্রায় ৩০০ জন এবং বিভিন্ন টিমের সদস্য কম-বেশি ১২৭০ জনসহ মোট ৮৬, ৮২৭ (প্রায়) জন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী ৮ মে ২০২৪ তারিখ হিজরি ১৪৪৫/২০২৪ সালের হজযাত্রীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় ও হজ কার্যক্রমের সভায় ২০২৪ এর শুভ উদ্বোধন করার সানুগ্রহ সম্মতি জ্ঞাপন করেছেন। আগামী ৯ মে ২০২৪ তারিখ হতে হজযাত্রীদের প্রথম হজ ফ্লাইট শুরু হবে। সভায় সম্মানিত হজযাত্রীদের গমন ও প্রত্যাগমন সুষ্ঠু ও যথাযথভাবে সম্পাদনের লক্ষ্যে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার প্রতিনিধি সংশ্লিষ্ট কর্মকর্তা এবং এয়ারলাইন্সসমূহের সাথে বিস্তারিত আলোচনা করা হয়। বিষয়াদি পর্যালোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়:

| ক্রমিক | বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | ফ্লাইট সিডিউল প্রণয়ন ও চূড়ান্তকরণ | সম্মানিত হজযাত্রীদের যথাসময়ে সৌদি আরবে গমনের নিমিত্ত ফ্লাইট সিডিউল প্রণয়ন ও চূড়ান্তকরণের লক্ষ্যে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স, সৌদিয়া এয়ারলাইন্স ও ফ্লাইন্যাস এয়ারলাইন্স পরস্পর সমন্বয় করত: ব্যবস্থা গ্রহণ করতে হবে। | নির্বাহী পরিচালক (হশাআবি)/বিমান বাংলাদেশ এয়ারলাইন্স/ সৌদিয়া এয়ারলাইন্স ও ফ্লাইন্যাস এয়ারলাইন্স |
| ২. | সৌদি অংশের Arrival Immigration সুসম্পন্নকরণ | হজযাত্রীদের হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে সৌদি অংশের Arrival Immigration সুসম্পন্ন করতে হবে। | নির্বাহী পরিচালক (হশাআবি) ও সৌদিয়া এয়ারলাইন্স |
| ৩. | ডেডিকেটেড ফ্লাইট | হজ পালনের উদ্দেশ্যে গমনকারী হজযাত্রীগণের ডেডিকেটেড ফ্লাইট এর মাধ্যমে যাতায়াত নিরবচ্ছিন্ন করার লক্ষ্যে সংশ্লিষ্ট বিমান সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | বিমান বাংলাদেশ এয়ারলাইন্স/ সৌদিয়া এয়ারলাইন্স ও ফ্লাইন্যাস এয়ারলাইন্স |
| ৪. | হজযাত্রীর টিকেট সংক্রান্ত | হজ এজেন্সির মাধ্যমে প্রেরিত সকল হজযাত্রীর যাতায়াতের সুবিধার্থে তাঁদের টিকেটসমূহ সংশ্লিষ্ট বিমান সংস্থা কর্তৃক সমন্বয় করত: হজ এজেন্সির নিকট টিকেট প্রেরণ করতে হবে। এ ক্ষেত্রে হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব) সমন্বয়কের দায়িত্ব পালন করবে। | বিমান বাংলাদেশ এয়ারলাইন্স/ সৌদিয়া এয়ারলাইন্স ও ফ্লাইন্যাস এয়ারলাইন্স/হাব |
| ৫. | হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে ০২ টি বোর্ডিং ব্রীজ স্থাপন | হজযাত্রীদের সৌদি আরবে সুষ্ঠুভাবে প্রেরণের লক্ষ্যে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে ০২ টি বোর্ডিং ব্রীজ স্থাপন করতে হবে। | নির্বাহী পরিচালক (হশাআবি) |
| ৬. | হজযাত্রীদের উপস্থিতি নিশ্চিতকরণ | সিডিউল অনুযায়ী হজযাত্রীদের উপস্থিতি নিশ্চিতকরণ ও তাঁদের নিকট যথাসময়ে টিকিট পৌঁছে দেয়ার লক্ষ্যে আলোচনা করা হয়। এ ক্ষেত্রে এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্টস অব বাংলাদেশ (আটাব) পূর্ণ সহযোগিতা প্রদান করবে। | পরিচালক (হজ), আশকোনা, ঢাকা/আটাব |
| ৭. | হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর সংলগ্ন এলাকা ও হজক্যাম্পের আশপাশের এলাকায় অবস্থিত হোটেল/রেস্তোরাঁসমূহে মোবাইল কোর্ট পরিচালনা | হজযাত্রীদের স্বাস্থ্যসম্মত খাবার ও বিশুদ্ধ পানি সরবরাহ এবং পরিস্কার-পরিচ্ছন্নতা বজায় রাখার স্বার্থে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর সংলগ্ন এলাকা ও হজক্যাম্পের আশপাশের এলাকায় অবস্থিত হোটেল/রেস্তোরাঁসমূহে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | নির্বাহী পরিচালক (হশাআবি)/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন/স্বাস্থ্য বিভাগ |

| ক্রমিক | বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
| --- | --- | --- | --- |
| ৮. | ট্রাফিক ব্যবস্থাপনা | হজ মৌসুমে হজক্যাম্প হতে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে হজযাত্রীদের গমনাগমনে সুষ্ঠুভাবে যানবাহন চলাচলের ব্যবস্থা নিশ্চিত করতে হবে। | উপ-পুলিশ কমিশনার (ট্রাফিক, উত্তরা বিভাগ), ডি.এম.পি, ঢাকা |
| ৯. | ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় প্রচারণা | সৌদি অংশের ইমিগ্রেশন পদ্ধতিসহ হজ ব্যবস্থাপনায় নতুন পরিবর্তন, সময়সূচিসহ সামগ্রিক ব্যবস্থাপনা সম্পর্কে হজযাত্রী ও সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের লক্ষ্যে ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় ব্যাপক প্রচার-প্রচারণার কার্যকরী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়/ পরিচালক (হজ), আশকোনা, ঢাকা/হাব |
| ১০. | চেয়ার, ট্রলি, কিউ বেল্টসহ প্রয়োজনীয় সরঞ্জামাদির ব্যবস্থাকরণ | হজ মৌসুমে হজ অফিস, আশকোনা, ঢাকা কর্তৃক হজযাত্রীদের সেবা প্রদানের নিমিত্ত চেয়ার, ট্রলি, কিউ বেল্টসহ প্রয়োজনীয় সরঞ্জামাদি নিজস্ব ব্যবস্থাপনায় স্থায়ীভাবে ক্রয়/সংগ্রহ করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আলোচনা করা হয়। এ বছর বেবিচক সরবরাহ করবে, তবে আগামী বছর থেকে হজ অফিস, আশকোনা এ সব সামগ্রী ক্রয়/সংগ্রহপূর্বক নিজস্ব ব্যবস্থাপনায় পরিচালনা করবে। এ বছর হজ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব) ১০০ টি ট্রলি হজ অফিস, আশকোনা, ঢাকাকে সরবরাহ করবে। | নির্বাহী পরিচালক, হশাআবি/পরিচালক (হজ), আশকোনা, ঢাকা/হাব |
| ১১. | জমজমের পানি | পবিত্র হজ পালন শেষে প্রত্যেক সম্মানিত হজযাত্রী প্রত্যাবর্তনের সময় বিমানবন্দরে জমজমের পানি পাওয়ার লক্ষ্যে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ, সৌদিয়া এয়ারলাইন্স ও ফ্লাইন্যাস এয়ারলাইন্স কর্তৃক হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা, শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম এবং ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেট এ কঠোরভাবে তদারকিসহ অতিরিক্ত ১০% জমজমের পানি আনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ, সৌদিয়া এয়ারলাইন্স ও ফ্লাইন্যাস এয়ারলাইন্স/পরিচালক, শাহ আমানত আন্তঃ বিমানবন্দর/পরিচালক, ওসমানী আন্তঃ বিমানবন্দর, সিলেট |
| ১২. | স্বাস্থ্য সংক্রান্ত | হজযাত্রীদের সৌদি আরবে গমনের লক্ষ্যে স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক জারীকৃত স্বাস্থ্য সংক্রান্ত সকল নির্দেশনা প্রতিপালন নিশ্চিত করতে হবে। | স্বাস্থ্য সেবা বিভাগ/হাব |
| ১৩. | এমআরটি-১, বিআরটি এবং হশাআবি এর সামনে আন্ডারপাসের কাজ বন্ধ সংক্রান্ত | এমআরটি-১, বিআরটি এবং হশাআবি এর সামনে আন্ডারপাসের কাজ চলমান থাকায় হজকালীন কার্যক্রম বন্ধের জন্য পরিচালক (হজ) কর্তৃক সংশ্লিষ্ট দপ্তরকে পত্র প্রেরণ করতে হবে। | পরিচালক (হজ), আশকোনা, ঢাকা। |
| ১৪. | মশা নিধন | মশাবাহিত রোগ প্রতিরোধকল্পে হজক্যাম্প ও তাঁর আশপাশের এলাকাসমূহ এবং হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে মশা নিধনের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | নির্বাহী পরিচালক (হশাআবি)/স্বাস্থ্য সেবা বিভাগ/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন |
| ১৫. | পুরুষ ও মহিলা হজযাত্রীদের নামাজ পড়ার জন্য ০২ টি আলাদা জায়গা, পানি, হ্যান্ড স্যানিটাইজার এবং সাবান ইত্যাদি সরবরাহকরণ | হশাআবিতে সম্মানিত পুরুষ ও মহিলা হজযাত্রীদের নামাজ পড়ার জন্য ০২ টি আলাদা জায়গা, পানি, হ্যান্ড স্যানিটাইজার এবং সাবান ইত্যাদি সরবরাহ নিশ্চিত করতে হবে। | নির্বাহী পরিচালক, হশাআবি |
| ১৬. | বাস বরাদ্দ | হজক্যাম্প হতে হজযাত্রীদের হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে আনয়নের ক্ষেত্রে প্রয়োজনীয় সংখ্যক বাস বরাদ্দসহ হজক্যাম্পের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নের লক্ষ্যে প্রতি শিফটে প্রয়োজনীয় লোকবল সংস্থাপন করতে হবে। | বিমান বাংলাদেশ এয়ারলাইন্স |
| ১৭. | SITA কানেক্টিভিটি স্থাপন | ফ্লাইন্যাস এয়ারলাইন্স এর চেকিং কাউন্টারে SITA কানেক্টিভিটি স্থাপন করতে হবে। | বিমান বাংলাদেশ এয়ারলাইন্স |
| ১৮. | স্কাউট সদস্যকে নিয়োগ | পবিত্র হজ পালন শেষে নির্বিঘ্নে বিমানবন্দর হতে বের হবার সময় সম্মানিত হাজীদেরকে সহযোগিতা করার জন্য ন্যূনতম ৩০ জন করে তিন শিফটে ৯০ জন কিংবা প্রয়োজনীয় সংখ্যক স্কাউট সদস্য নিয়োগ করতে হবে। স্কাউট সদস্যদের আপ্যায়নের জন্য হাব প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | ধর্মবিষয়ক মন্ত্রণালয় এবং হাব |
| ১৯. | ফায়ার সেফটি | হজ মৌসুমে হজক্যাম্পে অবস্থানরত হজযাত্রীদের নিরাপত্তা নিশ্চিতকল্পে ফায়ার সেফটি নিশ্চিত করতে হবে। | সুরক্ষা সেবা বিভাগ/পরিচালক (হজ), আশকোনা, ঢাকা |

| ক্রমিক | বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২০. | নিষিদ্ধ দ্রব্যাদি যেমন স্বর্ণ/সিগারেট/ড্রিংকস (মদ) ইত্যাদি | হাজীগণ প্রত্যাবর্তনের সময় নিষিদ্ধ দ্রব্যাদি যেমন স্বর্ণ/সিগারেট/ড্রিংকস (মদ) ইত্যাদি যেন বহন না করেন সে ব্যাপারে হজযাত্রীদের অবহিত করতে হবে। | পরিচালক (হজ), আশকোনা, ঢাকা ও হাব |
| ২১. | হজযাত্রীদের গমন ও প্রত্যাগমন (Arrival & Departure) এর সংখ্যা | বিমান বাংলাদেশ এয়ারলাইন্স, সৌদিয়া এয়ারলাইন্স ও ফ্লাইন্যাস এয়ারলাইন্স কর্তৃক হজযাত্রীদের গমন ও প্রত্যাগমন (Arrival & Departure) এর সংখ্যা হজ কন্ট্রোল রুমের ই-মেইলে (hajj2024caab@gmail.com) প্রেরণ করতে হবে। | বিমান বাংলাদেশ এয়ারলাইন্স, সৌদিয়া এয়ারলাইন্স ও ফ্লাইন্যাস এয়ারলাইন্স |
| ২২. | সাউন্ড সিস্টেম/মনিটরে প্রচারণা | বিলম্বে ফ্লাইট কিংবা ফ্লাইট বাতিল হলে হজ ক্যাম্পের সাউন্ড সিস্টেম/মনিটরে প্রচারণার জন্য সংশ্লিষ্ট এয়ারলাইন্স কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিমান বাংলাদেশ এয়ারলাইন্স, সৌদিয়া এয়ারলাইন্স ও ফ্লাইন্যাস এয়ারলাইন্স |
| ২৩. | হজযাত্রীদের গমন ও প্রত্যাগমন সংক্রান্ত হালনাগাদ তথ্য | হজযাত্রীদের গমন ও প্রত্যাগমন সংক্রান্ত হালনাগাদ তথ্য বিজনেস অটোমেশন লিমিটেডকে প্রেরণ করতে হবে। | বিমান বাংলাদেশ এয়ারলাইন্স, সৌদিয়া এয়ারলাইন্স ও ফ্লাইন্যাস এয়ারলাইন্স |
| ২৪. | কো-অপ্ট সংক্রান্ত | সার্বিক সমন্বয়ের সুবিধার্থে নিম্নোক্ত কর্মকর্তাদেরকে কো-অপ্ট সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়:<br>(ক) পরিচালক (প্রশাসন), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।<br>(খ) পরিচালক (মানব সম্পদ উন্নয়ন ও সাধারণ প্রশিক্ষণ), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।<br>(গ) উপ-পুলিশ কমিশনার (ট্রাফিক, উত্তরা বিভাগ), ডি.এম.পি, ঢাকা।<br>(ঘ) উপ-পুলিশ কমিশনার (ক্রাইম, উত্তরা বিভাগ), ডি.এম.পি, ঢাকা।<br>(ঙ) উপ-পরিচালক (প্রশাসন), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।<br>(চ) অফিসার ইনচার্জ, বিমানবন্দর থানা, কুর্মিটোলা, ঢাকা।<br>(ছ) সহকারী পরিচালক (প্রশাসন), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।<br>(জ) কাউন্সিলর, ওয়ার্ড নং-৪৯, ঢাকা, সিটি কর্পোরেশন, ঢাকা। | পরিচালক (প্রশাসন), বেবিচক |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৫/৫/২৪

(এস. এম. লাবলুর রহমান)
যুগ্মসচিব
সদস্য (প্রশাসন) (অতিঃ দায়িত্ব)
ও
আহবায়ক
"হজ টাস্কফোর্স-২০২৪"
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
☎ ৪১০৯১০০৫

নথি নং-৩০.৩১.০০০০.২০১.০৩.০০১.২৪-৭৬৩৭ তারিখ: ০৫/০৫/২০২৪ খ্রিঃ।

<u>বিতরণ</u> (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।

৬. নির্বাহী পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা।
৭. পরিচালক (গ্রাহক সেবা), বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড, বলাকা ভবন, কুর্মিটোলা, ঢাকা।
৮. পরিচালক (হজ), হজ অফিস, আশকোনা, কুর্মিটোলা, ঢাকা।
৯. পরিচালক (এভসেক), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা।
১০. পরিচালক (সিএনএস), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (ওয়েবসাইটের নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধসহ)।
১১. পরিচালক (মানব সম্পদ উন্নয়ন ও সাধারণ প্রশিক্ষণ), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
১২. কমান্ডিং অফিসার, ১৩ আর্মড পুলিশ ব্যাটালিয়ন, উত্তরা, ঢাকা।
১৩. প্রকল্প পরিচালক, হশাআবি সম্প্রসারণ প্রকল্প (৩য় টার্মিনাল), হশাআবি, কুর্মিটোলা, ঢাকা।
১৪. উপ-পুলিশ কমিশনার (ট্রাফিক, উত্তরা বিভাগ), ডি.এম.পি, ঢাকা।
১৫. উপ-পুলিশ কমিশনার (ক্রাইম, উত্তরা বিভাগ), ডি.এম.পি, ঢাকা।
১৬. যুগ্ম কমিশনার অব কাস্টমস, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
১৭. জনাব মোহাম্মদ ইকরাম উল্লাহ, উপ-পরিচালক (প্রশাসন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
১৮. জনাব মোহাম্মদ আবিদুল ইসলাম, উপ-পরিচালক (প্রশাসন) (অঃ দাঃ), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
১৯. জনাব মোঃ তিরান হোসেন, সহকারী পরিচালক (প্রশাসন), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
২০. অফিসার ইনচার্জ, বিমানবন্দর থানা, কুর্মিটোলা, ঢাকা।
২১. পরিচালক (সমাজ উন্নয়ন ও স্বাস্থ্য), বাংলাদেশ স্কাউট, ৬০ আঞ্জুমান মফিদুল ইসলাম রোড, কাকরাইল, ঢাকা।
২২. প্রতিনিধি, সৌদি এরাবিয়ান এয়ারলাইন্স, হোটেল সোনারগাঁও, ১০৭ কাজী নজরুল ইসলাম এভিনিউ, কারওয়ান বাজার, ঢাকা।
২৩. প্রতিনিধি, হজ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাত্তার সেন্টার, ১৬তলা, ৩০/এ, নয়া পল্টন, ঢাকা।
২৪. প্রতিনিধি, এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্টস অব বাংলাদেশ (আটাব), সাত্তার সেন্টার, ১৬তলা, হোটেল ভিক্টরী লিঃ), ৩০/এ, নয়া পল্টন, ভিআইপি রোড, ঢাকা।
২৫. সিইও/প্রতিনিধি, ফ্লাইন্যাস এয়ারলাইন্স, ১১৪ কাজী নজরুল ইসলাম এভিনিউ, রূপায়ন ট্রেড সেন্টার (২য় তলা), বাংলা মটর, ঢাকা।
২৬. এমডি, বিজনেস অটোমেশন লিমিটেড, বিডিবিএল ভবন, লেভেল-৯, ১২ কাওরান বাজার, ঢাকা।
২৭. কাউন্সিলর, ওয়ার্ড নং-৪৯, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।
২৮. স্বাস্থ্য কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সদস্য (সকল), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
৩. মন্ত্রীর একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. সদস্য (প্রশাসন) এর ব্যক্তিগত সহকারী, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
৬. পরিচালক (প্রশাসন) এর ব্যক্তিগত সহকারী, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।

05.05.24

(আবু ছালেহ মোঃ মুসা জঙ্গী)
পরিচালক (প্রশাসন)
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
☏৪১০৯১০৫১